

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিঃ (ডেসকো)

২২/বি, কবি ফররুখ সরণি, নিকুঞ্জ -২, ঢাকা-১২২৯

টেলিফোনঃ ৮৮ ০২ ৮২০০১১০-১১, ৮২০০৮২০-২৩, ফ্যাক্সঃ ৮৮ ০২ ৮২০০১০০

ই-মেইলঃ info@desco.gov.bd, ওয়েব সাইটঃ www.desco.gov.bd

www.prebd.com

নিরাপত্তা পরিদর্শক ও নিরাপত্তারক্ষী নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড এর আওতাধীন গুলশান জোনে আগামী ৩ বছরের জন্য আউটসোর্সিং এর আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিরাপত্তা পরিদর্শক ও নিরাপত্তারক্ষী নিয়োগের লক্ষ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে "অনলাইনে" দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদবী	পদের সংখ্যা	মাসিক সেবামূল্য (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	নিরাপত্তা পরিদর্শক	০২ জন	২৭,০০০/- (সাতাশ হাজার টাকা)	<ul style="list-style-type: none"> <li>শিক্ষাগত যোগ্যতাঃ ন্যূনতম এইচএসসি পাস বা সমমান।</li> <li>জাতীয় পরিচয়পত্র/নাগরিকত্ব সনদপত্র থাকতে হবে।</li> <li>বয়সঃ ১৮ বছর হতে ৫৫ বছর (আবেদনের সময় বয়সসীমা ৪৭ বছর)।</li> <li>উচ্চতাঃ ন্যূনতম ৫ ফুট ৪ ইঞ্চি।</li> <li>ওজনঃ ন্যূনতম ৫৫ কেজি ও সর্বোচ্চ BMI (Body Mass Index) অনুযায়ী।</li> <li>স্বাস্থ্যগত যোগ্যতাঃ সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে এবং চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীকে ডেসকোর নিয়োগকৃত রিটেইনার ডাক্তার কর্তৃক পৃথক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।</li> <li>সেনা, নৌ, বিমান, বিজিবি, পুলিশ/কারারক্ষী এবং আনসার বাহিনী হতে অবসর প্রাপ্ত ন্যূনতম জেসিও পদমর্যাদার কর্মকর্তা অথবা স্বনামধন্য নিরাপত্তা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে কর্মকর্তা পদে ন্যূনতম ৩ বছর কাজের অভিজ্ঞতা সম্পন্ন।</li> <li>পূর্বের সার্ভিস রেকর্ড ভালো থাকতে হবে এবং এ সংক্রান্ত যথাযথ কর্তৃপক্ষের সনদপত্র দাখিল করতে হবে।</li> <li>নিরাপত্তারক্ষীদের প্রশিক্ষণ প্রদান এবং পরিচালনার যোগ্যতা থাকতে হবে।</li> <li>নিরাপত্তা পরিদর্শককে মোটর সাইকেল চালনায় পারদর্শী হতে হবে ও ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।</li> </ul>
০২	নিরাপত্তারক্ষী (পুরুষ)	১১০ জন	১৮,০০০/- (আঠারো হাজার টাকা)	<ul style="list-style-type: none"> <li>শিক্ষাগত যোগ্যতাঃ অষ্টম শ্রেণি পাস বা সমমান।</li> <li>জাতীয় পরিচয়পত্র/নাগরিকত্ব সনদপত্র থাকতে হবে।</li> <li>বয়সঃ ১৮ বছর হতে ৫০ বছর (আবেদনের সময় বয়সসীমা ৩৫ বছর)।</li> <li>উচ্চতাঃ ন্যূনতম ৫ ফুট ৪ ইঞ্চি এবং ওজনঃ ন্যূনতম ৫৫ কেজি ও সর্বোচ্চ BMI (Body Mass Index) অনুযায়ী।</li> </ul>
	নিরাপত্তারক্ষী (মহিলা)	১০ জন		<ul style="list-style-type: none"> <li>মহিলাদের ক্ষেত্রে উচ্চতাঃ ৫ ফুট এবং ওজনঃ ৫০ কেজি ও সর্বোচ্চ BMI (Body Mass Index) অনুযায়ী।</li> <li>স্বাস্থ্যগত যোগ্যতাঃ সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে এবং চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীকে ডেসকোর নিয়োগকৃত রিটেইনার ডাক্তার কর্তৃক পৃথক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।</li> <li>বাংলায় লিখতে, পড়তে এবং কথা বলতে পারদর্শী হতে হবে।</li> </ul>

(ক) আগ্রহী প্রার্থীগণকে ডেসকো'র ওয়েবসাইটে (www.desco.gov.bd) প্রাপ্ত "অনলাইন আবেদন ফর্ম" এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইন আবেদন ফর্মের সঙ্গে স্ক্যানকৃত ছবি, স্বাক্ষর, সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সনদের কপি (প্রয়োজ্য ক্ষেত্রে) আপলোড করতে হবে। আবেদন ফর্ম পূরণের জন্য ডেসকো'র ওয়েবসাইটে প্রদর্শিত নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(খ) এই নিয়োগ ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেডের আউটসোর্সিং নিয়োগ নীতিমালা-২০২৩ এবং এ সংক্রান্ত শর্তাবলীর আলোকে পরিচালিত হবে। যা ডেসকোর ওয়েবসাইটে দেওয়া আছে।

(গ) আবেদনকারীকে আবেদন করার পূর্বে ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেডের আউটসোর্সিং নিয়োগ নীতিমালা-২০২৩ এবং এ সংক্রান্ত শর্তাবলী ভালোভাবে পড়ে দেখার জন্য অনুরোধ করা হলো।

(ঘ) বয়স প্রমানের জন্য এফিডেভিট (Affidavit) গ্রহণযোগ্য নয়।

(ঙ) ডেসকো'র ওয়েবসাইটে প্রদর্শিত নির্দেশিকা অনুসরণপূর্বক আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড এর মোবাইল ব্যাংকিং সেবা "রকট" এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

(চ) অনলাইন আবেদন ফর্ম ও ফি প্রদানের শেষ সময় ২৬/০৬/২০২৩ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত।

(প্রকৌঃ গাজী শাহরিয়ার পারভেজ)

উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

www.prebd.com